

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৩টি প্রতিষ্ঠানকে ১,৩৪ লক্ষ টাকা জরিমানা

১২ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থির জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে
ঢাকা মহানগর, চট্টগ্রাম, হবিগঞ্জ ও জয়পুরহাটে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় অস্বাস্থ্যকর
পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Handi কে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার
অপরাধে নিউ বনানী স্টোরকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর কচুক্ষেত এলাকায়
অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে লাকী হোটেল এন্ড রেষ্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও
আদায় করা হয়।

এছাড়াও ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে
ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ৪টি
প্রতিষ্ঠানকে মোট ২২,০০০/- (বাইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশের নেতৃত্বে চট্টগ্রামের ডাবলমুরিং এলাকায় ৮টি
প্রতিষ্ঠানকে ৬২,০০০/- (বাষটি হাজার) টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর
উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের
নেতৃত্বে জয়পুরহাট সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৭৫,০০০/- (পচাত্তর হাজার) টাকা জরিমানা
আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৩৪,০০০/- (এক লক্ষ চৌত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও
আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড
পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, ক্যাব, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব
তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও রাজশাহী।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, চট্টগ্রাম, হবিগঞ্জ ও জয়পুরহাট।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, চট্টগ্রাম, হবিগঞ্জ ও জয়পুরহাট।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।